

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১১৪৪

২৮. বিবাহ সম্পর্কিত অধ্যায় (کتاب النکاح)

পরিচ্ছেদঃ ২০. মুশরিক স্বামীর পূর্বে তাহার স্ত্রী মুসলিম হইলে তাহাদের বিবাহ সম্পর্কিত হুকুম

بَابِ نِكَاحِ الْمُشْرِكِ إِذَا أُسْلَمَتْ زَوْجَتُهُ قَبْلَهُ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ ابْنِ شِهَابٍ أَنَّهُ قَالَ كَانَ بَيْنَ إِسْلَامِ صَفْوَانَ وَبَيْنَ إِسْلَامِ امْرَأَتِهِ نَحْقٌ مِنْ شَهْرَيْنِ قَالَ ابْنُ شِهَابٍ وَلَمْ يَبْلُغْنَا أَنَّ امْرَأَةً هَاجَرَتْ إِلَى اللَّهِ وَرَسُولِهِ وَزَوْجُهَا كَافِرٌ مُقِيمٌ بِدَارِ الْكُفْرِ إِلَّا فَرَّقَتْ هِجْرَتُهَا بَيْنَهَا وَبَيْنَ زَوْجِهَا إِلَّا أَنْ يَقْدَمَ زَوْجُهَا مُهَاجِرًا قَبْلُ أَنْ تَنْقَضِيَ عِدَّتُهَا

বাংলা

রেওয়ায়ত ৪৫. মালিক (রহঃ) ইবন শিহাব (রহঃ) হইতে বর্ণনা করেন যে, তিনি বলিয়াছেনঃ সফওয়ানের ইসলাম ধর্ম গ্রহণ ও তাহার স্ত্রীর ইসলাম ধর্ম গ্রহণের মধ্যে ব্যবধান ছিল অন্তত এক মাসের।

ইবন শিহাব (রহঃ) বলেনঃ কোন স্ত্রীলোক আল্লাহ ও তাহার রাসূলের দিকে হিজরত করিলে এবং তাহার স্বামী কাফের অবস্থায় দারুল কুফরে থাকিলে তবে তাহার হিজরত তাহার ও তাহার স্বামীর মধ্যে বিচ্ছেদ সৃষ্টি করিবে। তবে যদি তাঁহার স্বামী ইদ্দত শেষ হওয়ার পূর্বে হিজরত করে (এমতাবস্থায় স্ত্রী তাহারই থাকিবে)।

English

Yahya related to me from Malik that Ibn Shihab said, "Between the Islam of Safwan and the Islam of his wife there was about one month."

Ibn Shihab said, "We have not heard about any woman doing hijra for Allah and His Messenger while her husband was a kafir abiding in the land of kufr, but that her hijra separated her and her husband unless her husband came in hijra before her period of idda had been completed."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন